

বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স (৪র্থ তলা), ২৩/১, পান্থপথ লিংক রোড, কারওয়ান বাজার, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/প্রশিক্ষণ/২০১৫/৩৭

তারিখ : ০২/০৫/২০১৫ইং

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : “পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা” বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শ্রমিকদের সার্বিক নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বের সাথে বিবেচনায় রেখে আন্তর্জাতিক প্রশিক্ষণ কেন্দ্র-আন্তর্জাতিক শ্রম সংস্থা (ITC-ILO)-এর উদ্যোগে বাংলাদেশ এমপ্লয়র্স ফেডারেশন, বিজিএমইএ ও বিকেএমইএ যৌথভাবে রপ্তানীমুখী পোশাক শিল্প কারখানার মধ্যম পর্যায়ের কর্মকর্তাগণকে এবং কারখানাতে কর্মরত শ্রমিকদের “পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা” সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের এক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচীর প্রথম পর্যায়ে বিজিএমইএ ও বিকেএমইএ'র মোট ১০০ জন কর্মকর্তাকে সিনিয়র মাস্টার ট্রেনার (TOT) হিসেবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ে উল্লেখিত সিনিয়র মাস্টার ট্রেনারগণ ৮,০০০ জন মধ্যম পর্যায়ের কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করবেন। দশ মাস ব্যাপী উপরোক্ত প্রশিক্ষণ কার্যক্রম অচীরেই শুরু হবে। তৃতীয় পর্যায়ে মধ্যম পর্যায়ের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ আট লক্ষ শ্রমিককে প্রশিক্ষণ প্রদান করবেন। প্রত্যেক পোশাক শিল্প প্রতিষ্ঠানের মোট শ্রমিকের ২৫% শ্রমিক-কর্মচারীকে এ প্রশিক্ষণের আওতায় আনা হবে। সে হিসেবে ২৫% শ্রমিকের মধ্য থেকে প্রতি ১০০ জনে একজন হিসেবে মধ্যম পর্যায়ের কর্মকর্তাকে প্রশিক্ষক (Trainer) হিসেবে প্রশিক্ষণ প্রদান করা হবে।

প্রশিক্ষণের বিষয়সমূহ নিম্নরূপঃ

আবশ্যিক বিষয় (তিনটি)	ঐচ্ছিক বিষয়সমূহ (৪টির যেকোন একটি/দুইটি)
- অগ্নি-নিরাপত্তা	- ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE)
- বিদ্যুৎ	- আরগনোমিঞ্জ
- হেঁচট খাওয়া, পিছলে যাওয়া এবং পড়ে যাওয়া	- বিপদজনক পদার্থ/ প্রাথমিক চিকিৎসা


৪-৬ ঘন্টাব্যাপী এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কারখানা কর্তৃপক্ষকে কোন প্রশিক্ষণ ফি প্রদান করতে হবেনা, তবে ২০/২৫ জনের প্রশিক্ষণ প্রদান উপযোগী একটি কক্ষের ব্যবস্থা করতে হবে।

উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য মনোনয়নের প্রেরণের শেষ তারিখ পূর্ণঃ নির্ধারণ করে ৩১ মে, ২০১৫ইং পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

উপরোক্ত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণে ইচ্ছুক পোশাক শিল্প প্রতিষ্ঠানকে সংলগ্নিতে উল্লেখিত ফরম পূরণ পূর্বক আগামী ৩১ মে, ২০১৫ইং তারিখের মধ্যে বিজিএমইএ শ্রম শাখা, বিজিএমইএ ভবন (৫ম তলা), ২৩/১ পান্থপথ লিংক রোড, কারওয়ান বাজার, ঢাকা অথবা নিম্নোক্ত e-mail নাম্বারে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। বিজিএমইএ উক্ত তালিকা থেকে অগ্রাধিকার ভিত্তিতে পর্যায়ক্রমে প্রশিক্ষণের তারিখ ও সময় নির্ধারণ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করবে।

এ বিষয়ে বিস্তারিত জানার জন্য জনাব মোঃ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব (শ্রম), মোবাইল- ০১৯১৩-৫২৯৮৬২ e-mail: rafiq.islam@bgmea.com.bd এর সাথে যোগাযোগ করা যেতে পারে। এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,


(এহসান উল ফাত্তাহ)

মহাসচিব



Bangladesh Garment Manufacturers & Exporters Association (BGMEA)

REGISTRATION FORM

“Train the Trainers workshop on The Essentials of Occupational Safety and Health (EOSH)”

Name of the RMG Unit					
BGMEA Registration no.		Product		Knit/Woven/Sweater	
Address					
Chairman/M.D					
Telephone:			Mobile:		
E-Mail (office):					
Total workers		Male		Female	
Contact person/focal point Name & position					
Telephone:			Mobile:		
Contact person's E-Mail:					
Have any registered Trade union in the factory or not?				Yes/ No	
Have any Participation Committee in the factory or not?				Yes/ No	
Whether any Training room available for 20 persons or not			Yes/ No		
Total no. of participants (please attached list of participants)			(as per % of workers)		
Sl. No.	Name	Designation	Mobile no.	Remarks	
1.					
2.					

(Signature of the Authorize person)

Name:

Position:

(Seal of the organization)